



19 মে, 2020

প্রিয় পিতা-মাতাগণ/অভিভাবকবৃন্দ,

আজকে অন্টারিও সরকার (গভর্নর্মেন্ট অব অন্টারিও) [ঘোষণা করেছে](#) যে টরেন্টো ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের (Toronto District School Board) সকল স্কুল সহ অন্টারিওতে সরকারী-তহবিলপ্রাপ্ত সকল স্কুল 2019-2020 সালের শিক্ষাবর্ষের অবশিষ্ট সময় বন্ধ থাকবে এবং যে দূরবর্তী শিক্ষণ জুন মাসের শেষ পর্যন্ত চলবে। আমরা জানি যে বর্ধিত বন্ধ থাকার খবরটি কারো কারো জন্য সমস্যাবহুল হতে পারে কিন্তু শিক্ষার্থী, কর্মচারী ও স্কুল কমিউনিটিসমূহের নিরাপত্তার ব্যাপারটি মাথায় রেখেই এই সিদ্ধান্তটি গ্রহণ করা হয়েছে।

সরকার দ্বারা একটি সম্প্রসারিত গ্রীষ্মকালীন শিক্ষণ সংক্রান্ত পরিকল্পনাও ঘোষণা করা হয়েছে। জুলাই ও অগাস্ট মাসে গ্রীষ্মকালীন শিক্ষণ কর্মসূচিসমূহ অনুষ্ঠিত হবে এবং এটি শিক্ষার্থীদের জন্য নতুন ও বিদ্যমান ফ্রেডিট এবং নন-ফ্রেডিট বা ফ্রেডিট-নয় এমন সহায়তাসমূহ অন্তর্ভুক্ত করবে যার মধ্যে রয়েছে গ্রীষ্মকালীন স্কুল, কোর্সগুলোর উন্নতি বা আপগ্রেডিং করা, এবং দুর্বল শিক্ষার্থীদের উদ্দেশ্যে গ্রহণকৃত কর্মসূচিসমূহ, বিশেষ শিক্ষা বা মানসিক স্বাস্থ্য-বিষয়ক চাহিদাসম্পর্ক শিক্ষার্থীগণ ও আদিবাসী শিক্ষার্থীগণ। শিক্ষা মন্ত্রণালয় বা মিনিস্ট্রি অব এডুকেশন স্কুলবোর্ডসমূহকে দূরবর্তী শিক্ষাদান ও শিক্ষণের মাধ্যমে গ্রীষ্মকালীন শিক্ষণ প্রদানে পরিকল্পনা করার জন্য অনুরোধ করছে, তবে গ্রীষ্মকালে জরুরি ব্যবস্থাসমূহ শিখিল করা হলে বা উঠিয়ে নেওয়া হলে ব্যক্তিগতভাবে শিক্ষাদান বা শিক্ষণ সম্ভব হতে পারে। আজকের ঘোষণাটির পর টিডিএসবি (TDSB) তার গ্রীষ্মকালীন শিক্ষণের পরিকল্পনা এখন চূড়ান্ত করতে পারবে এবং অন্তর ভবিষ্যতে এটি সম্পর্কে অবহিত করবে।

যখন প্রদেশ তার ফ্রেইমওর্ক ফর রিওপেনিং আওয়ার প্রতিস্রূতি এবং প্রতিস্রূতি এর [২য় পর্যায়](#) রূপান্তর করবে তখন টিডিএসবির স্কুলসমূহে অবস্থিত শিশু যত্ন কেন্দ্রগুলো (চাইন্স কেয়ার সেন্টারস) ধারাবাহিকভাবে পুনরায় খোলা শুরু হবে বলে প্রত্যাশা করা হচ্ছে এবং তা জন স্বাস্থ্য কর্মকর্তা বা পাবলিক হেলথ অফিসিয়ালদের সেরা পরামর্শের উপর ভিত্তি করেই হবে ও এটি কঠোর নিরাপত্তা সংক্রান্ত রীতি-নীতি বা প্রোটোকলসমূহকে অন্তর্ভুক্ত করবে। টিডিএসবির এক্সটেন্ডেড ডে প্রোগ্রাম সামার ক্যাম্পস (TDSB Extended Day Program Summer Camps) এর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় বলেছে যে জন স্বাস্থ্য বিষয়ক প্রধান সূচক বা কী পাবলিক হেলথ ইনডিকেটরসমূহে উন্নতির প্রবণতা অব্যাহত রয়েছে ধরে নিয়েই কঠোর স্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত পথ-নির্দেশিকা সহকারে এই বছরের জুলাই ও অগাস্ট মাসে তাদেরকে অনুমতি প্রদান করা হতে পারে।

আমরা জানি যে কিছু কিছু শিক্ষার্থী এবং তাদের পরিবারের ব্যক্তিগত জিনিসপত্র সংগ্রহ করার জন্য ব্যগ্র হয়ে আছেন যা কিনা আমাদের স্কুলসমূহে পড়ে রয়েছে। অনুগ্রহ করে নিশ্চিত থাকুন যে এটি কিভাবে নিরাপদে করা যেতে পারে তা নির্ধারণ করার ব্যাপারে পরিকল্পনাসমূহ নিয়ে কাজ চলছে। আমরা পরবর্তী পদক্ষেপসমূহ নিয়ে টরেন্টো পাবলিক হেলথের সাথে কাজ করছি এবং যেই মূহর্তে এটি চূড়ান্ত করা হবে সেই মূহর্তেই পরিকল্পনাটি সম্পর্কে অবহিত করবো।

আমি আমাদের সম্প্রতি পিতা-মাতা/অভিভাবকদের জরিপে আপনাদের মতামত প্রদান করার জন্য আবারো আপনাদের ধন্যবাদ জানাতে চাই যেখানে প্রায় 40,000 মানুষ তাদের ভাবনাসমূহ জানানোর জন্য একটি অনলাইন কঠোরকথনে যোগদান করেছিলেন। শিক্ষণের প্রকৃতি বা রূপ কেমন হবে তার প্রত্যাশাসমূহের ক্ষেত্রে ব্যাপক ভিন্নতা রয়েছে তবে সাধারণ যে বিষয়টি আমরা জেনেছি তা হলো যে শিক্ষার্থীগণ শিক্ষক ও সমকক্ষদের সাথে মিথঙ্গিয়া এবং এটি যে সংযোগ ও সম্পৃক্ততা প্রদান করে তা উপভোগ করছেন। নিয়মিত শ্রেণীকক্ষের মতই, বিভিন্ন উপায়ে মিথঙ্গিয়া হচ্ছে এবং আমরা শিক্ষার্থীদের শিক্ষণ, সম্পৃক্ততা ও কল্যাণে সাহায্য করার জন্য কর্মচারী ও অংশীদারদের সাথে কাজ করা চালিয়ে যাচ্ছি।



পরিশেষে, কোনো সন্দেহ নেই যে আপনাদের অনেকেই হয়ত ভাবছেন কখন শিক্ষার্থীগণ স্কুলে ফেরত আসবেন এবং যখন সেটি হবে, এটি কি কৃপে দেখা যাবে। সরকার বলেছেন যে সেপ্টেম্বরে পুনরায় স্কুল শুরু করা সম্পর্কিত পরিকল্পনাটি পরবর্তী একটি তারিখে ঘোষণা করবেন এবং যে স্বাইকে নিরাপদ ও সুস্থ রাখার জন্য শ্রেণীকক্ষ ও স্কুল দিবসের সাথে তাল মিলিয়ে প্রয়োজনীয় অভিযোজন করা হবে।

বিনীত,

A handwritten signature in black ink, appearing to read "John Malloy".

জন ম্যালয় (John Malloy)
শিক্ষা বিষয়ক পরিচালক (Director of Education)

